

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঘিওর, মানিকগঞ্জ।
www.gior.manikganj.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৫৬২২.০০০.০২.০০২.২০- ৫০৯

তারিখ: ১৮ আশ্বিন ১৪৩০
০৩ অক্টোবর ২০২৩

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ আইন) এর ধারা ৯৬, ধারা ৪৮ এর প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত বিধিমালা স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা ২০১৫ এর ৩(১)(ক), ৪(১) (ক)- খ, (২), (৩), ৬, ৭(১) (২), (৩) এবং ৮(১), (২) ও ৩ বিধি মোতাবেক ০৩ জুলাই ২০১৭ তারিখের এস, আর ও নং- ২৩২ আইন ২০১৭ জারিকৃত সংশোধিত প্রজ্ঞাপন অনুযায়ী মানিকগঞ্জ জেলার ঘিওর উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ (দফাদার ও মহল্লাদার) এর শূণ্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সংশ্লিষ্ট ইউপি/ ওয়ার্ডের বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র: নং	ইউনিয়নের নাম ও ওয়ার্ড	পদের নাম	শূণ্য পদের সংখ্যা	বেতন	বয়সসীমা	শারীরিক যোগ্যতা	শিক্ষাগত যোগ্যতা
০১	সিংজুরী (৫,৮)	মহল্লাদার	০২	দফাদার	১৮ থেকে	পুরুষ প্রার্থীর ক্ষেত্রে	দফাদার পদের কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে এস এসসি অথবা কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ।
০২	বালিয়াখোড়া (২)	দফাদার	০১	৭০০০/- টাকা	৩০ বছর, মুক্তিযোদ্ধা প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বছর	১. সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি ২. বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক) সম্প্রসারণ ৩২ ইঞ্চি ৩. সর্বনিম্ন ওজন ৫০ কেজি	মহল্লাদার পদের কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ।
০৩	ঘিওর (২,৩)	মহল্লাদার	০২	নির্ধারিত	৩০ বছর, মুক্তিযোদ্ধা প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বছর	১. সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি ২. বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক) সম্প্রসারণ ৩০ ইঞ্চি ৩. সর্বনিম্ন ওজন ৪৫ কেজি	মহল্লাদার পদের কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ।
	বড়টিয়া	দফাদার	০১	এবং			
	বানিয়াজুরী (২)	মহল্লাদার	০১	৬২০০/- টাকা	নির্ধারিত		

শর্তাবলী :

- নির্ধারিত আবেদন ফরম পূরণপূর্বক উপজেলা নির্বাহী অফিসার, ঘিওর, মানিকগঞ্জ বরাবর দাখিল করতে হবে।
- জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ফরমটি এ কার্যালয়ের ওয়েব সাইটে www.gior.manikganj.gov.bd এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের ওয়েব সাইটে পাওয়া যাবে অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কার্যালয়ে আবেদন ফরমের ছায়াছবি পাওয়া যাবে। কোন প্রকার ঘষামাজা, ওভাররাইটিং ও কাটাছেড়া ব্যতীবেক আবেদন দাখিল করতে হবে।
- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে এবং ছকে উল্লেখিত ইউনিয়নের বাসিন্দা হতে হবে। মহল্লাদার পদে সংশ্লিষ্ট ওয়ার্ডের যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ড হতে শূণ্য পদে ত্রৈমাসিক নিয়োগ করা হবে।
- প্রার্থীকে অবশ্যই খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে।
- আবেদন পত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, ঘিওর, মানিকগঞ্জ এর অনুকূলে সোনালী ব্যাংক লিঃ এ ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট (অপেরতযোগ্য) দাখিল করতে হবে।
- আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।
(ক) ইউনিয়ন পরিষদ কর্তৃক নাগরিকত্ব সনদপত্র, (খ) জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি, (গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি (যদি থাকে), (ঘ) অন্যান্য অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে), (ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদের মূলকপি,

(চ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে, (ছ) দফাদার পদে এসএসসি অথবা কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ। মহল্লাদার পদে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন এর প্রমান পত্রের মূল সনদের সত্যায়িত কপি (জ) এতিম, আনসার ও ভিডিপি এবং মহিলা কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদ/ প্রমানপত্র সংযুক্ত করতে হবে (ঝ) প্রার্থীর সাথে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০/- (দশ) টাকার ডাক টিকিটযুক্ত ১০ ইঞ্চি × ৪.৫ ইঞ্চি সাইজের ফেরত খাম যুক্ত করতে হবে (ঞ) শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/ নাতি/ নাতনি হলে অথবা পোষ্য হলে নির্ধারিত কোটায় প্রার্থীদের ছকে তথ্যাদি (আলাদা কাগজে) পূরণপূর্বক সনদের সত্যায়িত ছায়াছবি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে।

০৭। ছবি ও সনদপত্রাদি সত্যায়নের ক্ষেত্রে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নামযুক্ত সিল ব্যবহার করতে হবে। প্রার্থীর বয়স ৩০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান হলে বয়সসীমা ৩২ বছর শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৮। আগামী ১৮ অক্টোবর ২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে আবেদন ডাকযোগে/ সরাসরি পৌঁছাতে হবে। নির্ধারিত সময় শেষে আর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৯। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। কোন আপত্তি বিবেচনা করা হবে না এবং এ বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। নিয়োগের ক্ষেত্রে সকল প্রকার বিধি- বিধান ও কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে। প্রার্থী কোন কোটার সুবিধার আওতায় আবেদন করলে খামের উপর এবং আবেদনের উপরে স্পষ্টভাবে তা উল্লেখ করতে হবে।

১২। কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



(আমিনুল ইসলাম)

উপজেলা নির্বাহী অফিসার
ঘিওর, মানিকগঞ্জ।

ও

সভাপতি

বাছাই/পদোন্নতি কমিটি

মোবাইল: ০১৭১৩৩৫৩৩১৮

☎ ০২-৯৯৬৬২৭০০১

unoghior@mopa.gov.bd

বিতরণ:

- ০১। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
- ০২। উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, মানিকগঞ্জ।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঘিওর, মানিকগঞ্জ।
- ০৪। উপজেলা..... অফিসার, ঘিওর, মানিকগঞ্জ।
- ০৫। ইউপি চেয়ারম্যান / ইউপি সচিব,.....(সকল) ইউনিয়ন পরিষদ, ঘিওর, মানিকগঞ্জ। তাকে নিয়োগ বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট ইউনিয়নের গুরুত্বপূর্ণ স্থানে এবং হাট-বাজারে বহুল প্রচার করত: নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
- ০৬। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবিদগুর, ঘিওর, মানিকগঞ্জ (বিজ্ঞপ্তিটি উপজেলা তথ্য বাতায়নে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। নোটিশ বোর্ড/অফিস কপি।